



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

স্মারক নং- চুয়েট/আইন ও এস্টেট-৬৮/২৬২৪

তারিখঃ ৩১/০৭/২০২৫ খ্রিস্টাব্দ।

প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি


চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) -এর প্যানেল আইনজীবী তালিকাভুক্তির নিমিত্ত নিম্নবর্ণিত সংশ্লিষ্ট আইনজীবীগণের নিকট থেকে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	অভিজ্ঞতা
০১.	প্যানেল আইনজীবী (সুপ্রীম কোর্টের আপীল বিভাগে মামলা পরিচালনার জন্য)	সুপ্রীম কোর্টের আপীল বিভাগে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে কাজ করার অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
০২.	প্যানেল আইনজীবী (সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার জন্য)	সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা। সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে কাজ করার অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
০৩.	প্যানেল আইনজীবী (রাউজান সিনিয়র সহকারী জজ আদালত, চট্টগ্রামের মামলা পরিচালনার জন্য)	চট্টগ্রাম জেলা ও দায়রা জজ আদালতে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা। রাউজান সিনিয়র সহকারী জজ আদালতে মামলা পরিচালনার ন্যূনতম ০৫ (পাঁচ) বছর অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।

শর্তাবলী :

- আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে।
- প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রাপ্ত হলে চুয়েটের বিপক্ষে কোন মামলায় প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
- নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট ছকে নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বরাবর দাখিল করতে হবে।
- মামলায় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিপক্ষে আদেশ/রায়/ডিক্রি হলে জরুরি ভিত্তিতে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর অবহিত করতে হবে।
- কোন সরকারি/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে উল্লেখ করতে হবে।
- নিয়োগ প্রাপ্ত বিজ্ঞ আইনজীবীগণ দায়িত্ব থেকে অব্যাহতি নিতে চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর নোটিশ প্রদান করতে হবে।
- প্যানেল আইনজীবী ০২(দুই) বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন। তবে, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সময়সীমা ত্রাস/বৃদ্ধি করতে পারবেন।
- আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ২০০/- টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে। জীবনবৃত্তান্তসহ সকল শিক্ষাগত যোগ্যতার মার্কশীট, সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, ১ ও ২ নং পদের ক্ষেত্রে আইনজীবী হিসেবে সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতিতে যোগদানের তারিখসহ সুপ্রিমকোর্ট বার এসোসিয়েশন এর প্রত্যয়নপত্র, ২ নং পদের ক্ষেত্রে চট্টগ্রাম জেলা বার এসোসিয়েশনে যোগদানের তারিখসহ প্রত্যয়নপত্র, অভিজ্ঞতায় সকল সনদ, মোবাইল ফোন নম্বর, ই-মেইল, সর্বশেষ আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্ত স্বীকারপত্র, সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং অতিরিক্ত শিক্ষা ও অভিজ্ঞতা সনদের (যদি থাকে) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে ০৭ (সাত) সেট আবেদনপত্র আগামী ২৮/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৪৯ বরাবর-এ পৌঁছাতে হবে।
- প্রার্থীর প্রস্তাবিত ফি এর পরিমাণ (অংকে এবং কথায়) আবেদন এর সাথে সংযুক্ত করতে হবে; নিয়মানুযায়ী ভ্যাট-ট্যাক্স কর্তন করা হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- সাক্ষাৎকারের তারিখ ও সময় ওয়েবসাইট/মোবাইলের মাধ্যমে জানানো হবে।
- সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট কাগজপত্র সঙ্গে আনতে হবে এবং সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন ধরনের টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- অত্র বিজ্ঞপ্তি www.cuet.ac.bd এ দেখা যাবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-


৩১/০৭/২০২৫
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- চুয়েট/আইন ও এস্টেট-৬৮/২৬২৪(৬)

অনুলিপি প্রেরিত হল :

- সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান, চুয়েট।
- পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে অর্ন্তভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
- উপ-পরিচালক (জনসংযোগ), উপাচার্যের দপ্তর, চুয়েট (অত্র বিজ্ঞপ্তিটি একটি আঞ্চলিক পত্রিকা ও দুইটি জাতীয় পত্রিকায় প্রকাশের অনুরোধ সহকারে)।
- পি এস টু ডিসি, চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- সংরক্ষণ/সংশ্লিষ্ট নথি।

তারিখঃ ৩১/০৭/২০২৫ খ্রিস্টাব্দ।


৩১/০৭/২০২৫
(মো: জোহার হোসেন)

সহকারী রেজিস্ট্রার (আইন ও এস্টেট)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।